



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/20/2022

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল টিমোথি হগসের স্টেট সিভিল সার্ভিস কমিশনের কমিশনার ও প্রেসিডেন্ট হিসেবে মনোনয়ন পাওয়ার ঘোষণা করলেন

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে টিমোথি হগস স্টেট সিভিল সার্ভিস কমিশনের (State Civil Service Commission) কমিশনার ও প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব পালনের জন্য মনোনীত হয়েছেন।

"নিউ ইয়র্কের অনুকরণীয় সিভিল সার্ভিস সারভেন্টদের এমন নেতৃত্ব প্রয়োজন যা একইভাবে উপযুক্ত এবং স্টেটের কাজের প্রতি নিবেদিত," **গভর্নর হোকল বলেন।** "টিমোথি হগস তার অভিজ্ঞতার ভাণ্ডার এবং পাবলিক সার্ভিসের প্রতি আবেগ নিয়ে কমিশনের একজন অসাধারণ নেতা হবেন, এবং আমি স্টেটের সবথেকে কঠিন সমস্যা সমাধানে এবং নিউ ইয়র্কবাসীদের সেবাদানে তার সাথে কাজ করার জন্য উন্মুখ।"

টিমোথি হগস সর্বশেষ দায়িত্ব পালন করেছেন ইরি কাউন্টির পার্সোনেল কমিশনার হিসেবে যেখানে তিনি কাউন্টিব্যাপী 130টির বেশি নিয়োগদানকারী কর্তৃপক্ষকে প্রদত্ত সেবা এবং আনুমানিক 24,000 কর্মচারীর তত্ত্বাবধানের দায়িত্বে ছিলেন, এমন সেবার বাস্তবায়ন ও রক্ষণাবেক্ষণের মাধ্যমে যা স্থানীয় সরকার এবং স্কুল জেলার কর্মচারীদের সিভিল সার্ভিস আইন ও প্রবিধান (Civil Service Laws and Regulations) অনুযায়ী নিয়োগ, বাছাই, চাকরিদান, বিকাশ এবং ধরে রাখাকে সমর্থন এবং সম্ভব করে। জনাব হগস 2019 সালে ইরি কাউন্টি নির্বাহী মার্ক পলনকার্যের দ্বারা নিযুক্ত হওয়ার পর এই পদে কাজ শুরু করেন।

এর পূর্বে, জনাব হগস ইরি কাউন্টির সিনিয়র সার্ভিসেস ডিপার্টমেন্টের (Department of Senior Services) কমিশনার হিসেবে দায়িত্ব পালন করেছেন যেখানে তার নেতৃত্বাধীন ডিপার্টমেন্টটি পুরো ইরি কাউন্টিতে যেসকল বয়স্ক মানুষ তাদের পুষ্টিগত চাহিদা পূরণের জন্য ডাইনিং কর্মসূচির উপর নির্ভরশীল এমন হাজার হাজার মানুষের জন্য সমবেত খাবার খাওয়ার অভিজ্ঞতা উন্নত করতে এবং গতানুগতিকের বাইরের খাবারের সুযোগ সম্প্রসারণ করতে সক্ষম হয়েছে। তার নিবেদিত সরকারি চাকরির পাশাপাশি, জনাব হগস বাফেলো এলাকার বেসরকারি ফার্মে পরিচালনা ব্যবস্থাপক হিসেবে কাজ করেছেন, তার সমস্যা সমাধানের দক্ষতা ব্যবহার করে, যা তিনি তার নেতৃত্বের ক্যারিয়ার থেকে পূর্বেই শিখেছেন এবং একইসাথে একটি সংস্থার সকল পর্যায়ের মানুষের সাথে কার্যকরভাবে যোগাযোগ স্থাপন করার তার ক্ষমতা ব্যবহার করে তিনি তাদের বটম লাইন উন্নত করতে সাহায্য করেছেন। তার ব্যবস্থাপনা অভিজ্ঞতা ছাড়াও, তিনি ইরি

কাউন্টির আইনসভায় (Erie County Legislature) দায়িত্ব পালন করেছেন (2012-13)। জনাব হগস বাফেলো এলাকার একাধিক কমিউনিটি বোর্ডে দায়িত্ব পালন করেছেন এবং তিনি বাফেলো ইউনিভার্সিটির (University of Buffalo) একজন গর্বিত গ্র্যাজুয়েট যেখানে তিনি ব্যবসা প্রশাসন ও ব্যবস্থাপনাতে (Business Administration and Management) একটি ব্যাচেলর অফ আর্টস (Bachelor of Arts, B.A.) ডিগ্রি অর্জন করেছেন।

নিউ ইয়র্ক স্টেট সিভিল সার্ভিস কমিশন স্টেটের সিভিল সার্ভিস বিষয়ে ব্যাপক ব্যাপ্তির নিয়ম গ্রহণ ও সংশোধন করে থাকে। নিয়মগুলি গভর্নরের অনুমোদনসাপেক্ষ হয় এবং এগুলির একটি আইনের বল ও প্রভাব রয়েছে। এছাড়াও কমিশন পরীক্ষা যোগ্যতা, পরীক্ষার রেটিং, পদের শ্রেণীবিন্যাস, পে গ্রেড নির্ধারণ, শৃঙ্খলামূলক ব্যবস্থা, অবসরপ্রাপ্ত ব্যক্তিদের চাকরি অব্যাহত রাখার পছন্দের তালিকা এবং অনুরোধ ব্যবহার করার মতো বিষয়সমূহের আপিল শুনানি ও নিষ্পত্তি করে থাকে। পাশাপাশি, কমিশন নিয়মিত মিউনিসিপ্যাল সিভিল সার্ভিস কমিশনগুলির এবং শহর ও কাউন্টির পার্সোনেল কর্মকর্তাদের কর্মকাণ্ড পরিদর্শন ও তত্ত্বাবধান করে থাকে। কমিশন তিন সদস্য দ্বারা গঠিত হয়: কমিশনের প্রেসিডেন্ট, যিনি সিভিল সার্ভিস ডিপার্টমেন্টেরও (Department of Civil Service) প্রধান, এবং দুইজন কমিশনার। আইন অনুযায়ী, তিন জনের মধ্যে দুইজনের বেশি সদস্য একই রাজনৈতিক দলের হতে পারবে না।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418